

## الْحَفِيظُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৩৯ তম নাম ‘الْحَفِيظُ’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْحَفِيظُ’ শব্দের মূল ظ - ف - ح , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৪৪ বার এসেছে। সংরক্ষন করা, নিরাপত্তা দেয়া, অর্পন করা, দৃষ্টি রাখা, অভিভাবক, নিরপত্তাদাতা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْحَفِيظُ অর্থ: ‘তিনি সবকিছু সংরক্ষনকারী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

فَإِنْ تَوَلَّوْا فَقَدْ أَبْلَغْتُكُمْ مَا أُرْسِلْتُ بِهِ إِلَيْكُمْ وَيَسْتَخْلِفُ رَبِّي قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ  
شَيْئًا إِنَّ رَبِّي عَلَىٰ كُلِّ شَيْءٍ حَفِيظٌ ﴿٥٧﴾

আর তোমরা যদি মুখ ফিরিয়ে নাও, তবে জেনে রাখো, আমি তোমাদের কাছে যে বার্তা নিয়ে প্রেরিত হয়েছি, তা তোমাদের কাছে পৌঁছে দিয়েছি। আমার প্রভু তোমাদের পরিবর্তে ভিন্ন কোন কওমকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন এবং তোমরা তাঁর কোন ক্ষতি করতে পারবে না। আমার প্রভু সবকিছুর রক্ষক। (সূরা হুদ: আয়াত নং ৫৭)

وَمَا كَانَ لَهُ عَلَيْهِمْ مِّنْ سُلْطَانٍ إِلَّا لِنَعْلَمَ مَنْ يُّؤْمِنُ بِالْآخِرَةِ مِمَّنْ هُوَ مِنْهَا فِي شَكٍّ  
وَرَبُّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ حَفِيظٌ ﴿٢١﴾

অথচ তাদের উপর ইবলিশের কোন আধিপত্য ছিল না। কারা আখিরাতে বিশ্বাসী, আর কারা তাতে সন্দিহান তা প্রকাশ করে দেয়াই ছিল আমার উদ্দেশ্য। তোমার প্রভু প্রতিটি বিষয়ে হেফাজতকারী। (সূরা সাবা: আয়াত নং ২১)

وَالَّذِينَ اتَّخَذُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ اللَّهُ حَفِيظٌ عَلَيْهِمْ وَمَا أَنْتَ بِوَكِيلٍ ﴿٦﴾

যারা আল্লাহ ছাড়া অন্যদেরকে অলি (বন্ধু, সাহায্যকারী ও অভিভাবক) হিসেবে গ্রহণ করে, (তারা তো নিজেদের জন্য অতি ঠুনকো ও নিকৃষ্ট অলি গ্রহণ করে), প্রকৃতপক্ষে আল্লাহই তাদের রক্ষক, হেফাজতকারী, তুমি তাদের (কার্যক্রমের) জিম্মাদার নও। (সূরা আশ শুরা: আয়াত নং ৬)

### তিরমিজি ও আহমদ শরীফের হাদিস :

সবকিছুর সংরক্ষণকারী আল্লাহর বিশেষ নিরাপত্তা লাভের জন্য তোমরা আল্লাহর বিধি-বিধান সংরক্ষণ করো (অর্থাৎ নিজে মেনে চলো এবং অন্যকে মেনে চলতে উৎসাহিত করো), এবং তিনি তোমাকে সংরক্ষণ ও নিরাপত্তা দান করবেন।

সুতরাং আমাদের উচিত আল্লাহর বিধি-বিধান মেনে চলি এবং অন্যকে মেনে চলতে তাগিদ দেই। আল্লাহর সাথে কাউকে শরিক না করি। কারণ শিরকের পাপ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাবাকাতুহ।